

## **মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড**

**৫৮-৫৯, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম**

### **জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে ২০১৮-২০১৯ অর্থবছরের কর্মপরিকল্পনা।**

#### **০১) দাপ্তরিক কাজে কোম্পানিতে আগত অতিথিদের বসার ব্যবস্থাকরণ :**

কোম্পানিতে দাপ্তরিক কাজে যে সমস্ত ব্যক্তি ও প্রতিষ্ঠানের প্রতিনিয়ত আগমন ঘটে তাদের বসার জন্য কোম্পানির প্রধান কার্যালয়ে একটি সুসজ্জিত রুমের ব্যবস্থা করা হয়েছে এবং তাদেরকে বিশেষভাবে আপ্যায়নেরও ব্যবস্থা করা হয়। কোম্পানির অন্যান্য অফিস, স্থাপনা ও ডিপোসমূহে অনুরূপ ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে সংশ্লিষ্ট বিভাগকে অনুরোধ করা হয়। দাপ্তরিক কর্মকাণ্ডে কোম্পানিতে আগত অতিথিদের সাথে সুন্দর আচরণ ও সহযোগিতা প্রদানের নিমিত্তে সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য আহবান করা হয়। এ ব্যবস্থা অব্যাহত রাখার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাকে পরামর্শ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

#### **০২) কর্মকর্তা /কর্মচারীদের উপস্থিতি নিশ্চিতকরণ :**

কোম্পানিতে কর্মরত কর্মকর্তা /কর্মচারীদের উপস্থিতি নিশ্চিতকরণের জন্য Digital Door Attendance System চালু করা হয়েছে। প্রতি সপ্তাহে Ridding পরীক্ষা করা হয়। ভবিষ্যতে এ পদ্ধতি চালু থাকে সেদিকে দৃষ্টি দেয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

#### **০৩) নিরাপত্তা ব্যবস্থা :**

কোম্পানির নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিতকরণের জন্য চট্টগ্রামস্থ প্রধান কার্যালয় ও প্রধান স্থাপনাসহ সারা বাংলাদেশে অবস্থিত অন্যান্য স্থাপনা ও ডিপোতে CC Camera System চালুসহ প্রতি সপ্তাহ অন্তর অন্তর এর কর্মতৎপরতা পর্যবেক্ষণ করা হয় এবং অগ্নি নির্বাপনের জন্য Fire Extinguisher এর ব্যবস্থা করা হয়েছে। তাছাড়া অফিস আদেশ জারীর মাধ্যমে কেপিআইভুক্ত স্থাপনা/ডিপো সমূহের নিরাপত্তা কার্যক্রম জোরদারকরণের বিষয়টি আলোচনা করা হয়। স্থানীয় আইন প্রয়োগকারী কর্তৃপক্ষের সাথে সম্পর্ক রাখার উপর জোর দেয়া হয়।

#### **০৪) সচেতনতা বৃক্ষি :**

সচেতনতা বৃক্ষির লক্ষ্যে স্টেকহোল্ডারদের চিহ্নিতকরণের উপর গুরুত্বারোপ করা হয়। এক্ষেত্রে কোম্পানিতে প্রতিবছর বার্ষিক সাধারণ সভার আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে কোম্পানির শেয়ারহোল্ডার সামগ্রীক কর্মকাণ্ড নিয়ে আলোচনা করে এবং প্রশ্ন উত্থাপন করে। তাছাড়া সেলস্ প্রমোশন, পরিবেশ সংরক্ষণ, জালানী তৈল ব্যবহারে সর্তর্কতা অবলম্বনের জন্য ডিলার/এজেন্টদের জন্য নিয়মিত কনফারেন্স করার সিদ্ধান্ত গৃহীত হয়। বছরে একাধিকবার মার্কেটিং/অপারেশন্স কনফারেন্স করার মাধ্যমে বিক্রয় বৃক্ষি ও অপারেশন্স লস নিয়ন্ত্রণ করার উপর গুরুত্বারোপ করা হয়।

#### **০৫) দক্ষতা উন্নয়ন :**

কোম্পানিতে কর্মরত কর্মকর্তা /কর্মচারীদের দক্ষতা বৃক্ষির লক্ষ্যে সম্প্রতি কোম্পানির প্রধান কার্যালয় চট্টগ্রাম এ একটি অভ্যন্তরীণ ট্রেনিং সেন্টার এর ব্যবস্থা করা হয়েছে। গত ২০১৭ সালে কোম্পানির প্রধান কার্যালয়স্থ সকল কর্মকর্তাদেরকে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ে ১২১ প্রকল্পে কর্মরত দুজন দক্ষ প্রশিক্ষকের মাধ্যমে E-Filing এর উপর প্রশিক্ষণ প্রদান করা হয়। এছাড়া কোম্পানি নিজ উদ্যোগে কর্মকর্তা/কর্মচারীদের বিভিন্ন অভ্যন্তরীণ ট্রেনিং ও দিয়ে আসছে। তাছাড়া দেশের ভিতর যেমন - BPI, BIM, ICSB, NAPD, DSE, CSE, Engineers Institute, Engineering Staff college, Institute of cost & management, Accounts of Bangladesh, Society for advancement of computer technology, Institute of chartered accountants ইত্যাদি প্রতিষ্ঠানে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করেছে। এছাড়া কর্মকর্তাদের প্রয়োজন অনুযায়ী বিদেশে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা

#### **০৬) উন্নয়নমূলক কর্মকাণ্ড :**

গত ৪ঠা নভেম্বর ২০১৭ সালে বিদ্যুৎ, জালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী কর্তৃক উন্নোদনকৃত ১৯ তলা বিশিষ্ট “মেঘনা ভবন” এর নির্মাণ দ্রুত গতিতে এগিয়ে চলছে এবং ঢাকার মতিঝিল বা/এলাকায় কোম্পানির নিজস্ব জমিনে ৪০ তলা বিশিষ্ট ১টি বহুতল ভবনের নির্মাণের উদ্যোগ নেয়া হয়েছে। এছাড়া নির্ভেজাল জালানী ও বিশ্বমানের বিপি লুব্রিকেন্ট বিপণনের জন্য আমাদের রয়েছে সুবিন্যাস্ত ডিপো নেটওয়ার্ক, ৮০০ টি পেট্রোল পাম্প, ৯১০ টি এজেন্সি, ১২৫০ টি এলপিজি ডিলার। উল্লেখ্য, কোম্পানির মহেশ্বরপাশা, খুলনায় কোম্পানির মালিকানাধীন ১৩.৩০ একর জমি যা দীর্ঘদিন ধরে অবৈধভাবে ব্যবহৃত হয়ে আসছিল সম্প্রতি তা উদ্ধার পূর্বক স্থানে একটি বিদ্যুৎকেন্দ্র স্থাপনের পরিকল্পনা চলছে। উক্ত ভূমির বাউন্ডারী ওয়াজ মাটি ভরাট করনের কাজ চলছে।

**০৬) আইন ও বিধি বিধান সংস্কারণ**

কোম্পানির সাংগঠনিক কাঠামো, নিয়োগ নীতিমালা, ক্রয়নীতিমালা, অথরিটি ম্যানুয়েলসহ কোম্পানি আইন ও বিধি বিধান/বিভিন্ন নীতিমালা পর্যালোচনাগূর্বক যথোপযোগীকরণ এবং যে কোন সমস্যা/ সংশোধনী থাকলে তা চিহ্নিতকরণ এবং প্রয়োজনানুযায়ী সংশোধনের ব্যবস্থা করার বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হয়। এ লক্ষ্যে উর্ধ্বতন ব্যবস্থাপকবৃন্দের সমন্বয়ে একাধিক কমিটি গঠন করা হয়েছে এবং যা প্রক্রিয়াধীন। রূপকল্প ২০৩০ বাস্তবায়নের লক্ষ্যে কোম্পানিতে দক্ষ জনশক্তি সৃষ্টির লক্ষ্যে সাংগঠনিক কাঠামো সংশোধন করার উদ্যোগ নেওয়া হয়েছে।

**০৭) কর্মকর্তা/কর্মচারীদের কর্ম মূল্যায়ন ও পুরস্কার প্রদান**

কোম্পানি প্রতি বছর কর্মকর্তা/কর্মচারীদের কর্ম মূল্যায়ন ও পুরস্কার প্রদানের ব্যবস্থা করে। কর্মকর্তা/কর্মচারীদের কাজে আগ্রহ বাড়ানোর লক্ষ্যে কোম্পানি বিভিন্ন পুরস্কারের ব্যবস্থা করে যেমনঃ উৎসাহ বোনাস, উৎসব বোনাস ও লভ্যাংশ প্রদান এবং কর্মচারীদের শ্রীমত্বকালীন, বর্ষাকালীন ও শীতকালীন পোষাক প্রদান ইত্যাদি। তাছাড়া কাজে একথেয়েমী দূর করার জন্য কোম্পানিতে বিভিন্ন বিনোদনমূলক কার্যক্রম গ্রহণ, খেলাধুলা, ধর্মীয় এবং জাতীয় পর্যায়ের অনুষ্ঠানের আয়োজন করা এবং ভবিষ্যতে কর্মকর্তা/কর্মচারীদের কর্মদক্ষতা বৃদ্ধিকল্পে আরো কার্যকরী ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

**০৮) সামাজিক দায়িত্ব পালন :**

সামাজিক দায়িত্ব পালন ব্যক্তি, সমাজ ও প্রতিষ্ঠানের একটি নৈতিক দায়িত্ব। এ দায়িত্ব পালনে অত্র কোম্পানি সদা তৎপর। ২০১৭-২০১৮ অর্থবছরে সামাজিক অনুদান হিসেবে কোম্পানির সি এস আর ফাস্ট হতে ২৪,৮০,০০০/- টাকার অনুদান প্রদান করা হয় এবং ২০১৮-২০১৯ অর্থবছরে জুলাই-সেপ্টেম্বর পর্যন্ত কোম্পানির সি এস আর ফাস্ট হতে ৭,৬০,০০০/- টাকার অনুদান প্রদান করা হয় এতদ্যুক্তিত বিভিন্ন মসজিদ ও শিক্ষা প্রতিষ্ঠানে CSR কার্যক্রমের আওতায় অনুদান প্রদান করা হয়েছে। বর্তমানে আরো দুটি অনুদান প্রক্রিয়াধীন রয়েছে। তাছাড়া উন্নত জাতি গঠনে আমাদের প্রতিষ্ঠানটি বিভিন্ন সরকারি/বেসরকারি কলেজ এবং বিশ্ববিদ্যালয়ের ছাত্র/ছাত্রীদের Internship এর মাধ্যমে প্রশিক্ষণ দিয়ে আসছে। সম্প্রতি মন্ত্রণালয় অনুমোদিত Centre of Research and Information (CRI) এর Young Bangla “Vision 2021 Internship program” এর আওতায় নির্বাচিত ছাত্র/ছাত্রীদের মধ্যে অংশগ্রহণকৃত ২জন ছাত্রকে মাসিক ১৫০০০/- টাকা হারে ৩ মাস মেয়াদে প্রশিক্ষণ দেয়া হয়।

**০৯) ই-গর্ডনেস সিষ্টেম উন্নয়ন এবং ই-টেন্ডারিং :**

কোম্পানির ওয়েব সাইট নিয়মিত হালনাগাদ করা হচ্ছে। ওয়েব সাইটের মধ্যে জনসম্পৃক্তি ও গুরুত্বপূর্ণ বিষয়সমূহ প্রচারের ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে। ই-গর্ডনেস সিষ্টেম উন্নয়নের লক্ষ্যে অটোমেশন স্থাপনের ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে। সরকারের ডিশন-২০৩০ বাস্তবায়নের লক্ষ্যে কোম্পানিকে সম্পূর্ণ অটোমেশনকরণের পদ্ধতি ও প্রক্রিয়াধীন রয়েছে।

----- সরকারের রূপকল্প বাস্তবায়নের লক্ষ্যে ইতিমধ্যে অত্র প্রতিষ্ঠানে সফলভাবে ১টি E-GP এর কার্যক্রম সম্পন্ন করা হয়েছে এবং আরো E-Tendering কার্যক্রম শুরু হয়েছে।

----- উচ্চ শিক্ষিত যুবকদের কর্মসংস্থানের লক্ষ্যে অত্র প্রতিষ্ঠানে ১১টি পদে মোট ১৭ জন কর্মকর্তা আগামী ১লা জানুয়ারী ২০১৯ হতে নিয়োগ পেতে যাচ্ছে।

**১০) অভিযোগ ব্যবস্থাপনা :**

অভিযোগ ব্যবস্থাপনার জন্য কোম্পানির প্রধান কার্যালয়ের উন্মুক্ত স্থানে একটি অভিযোগ বক্স স্থাপন করা হয়েছে এবং তা প্রত্যেক মাসে নিয়মিত খোলা হয় মর্মে সভাকে অবহিত করা হয়। কোন অভিযোগ পাওয়া গেলে যথাসময়ে নিষ্পত্তির লক্ষ্যে কোম্পানি যথাযথ পদক্ষেপ নেওয়ার সিদ্ধান্ত নেয়।

উল্লেখ্য অত্র কোম্পানির উন্নয়নের সাপেক্ষে অদুর ভবিষ্যতে যুগপোয়োগী আর ও অনেক পদক্ষেপ নেয় হবে।